পদ্মার এপারের বিদ্যুৎ

ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

(An Enterprise of Bangladesh Power Development Board)

দ্বিতীয় বর্ষ | ৫ম সংখ্যা | জুলাই-সেপ্টেম্বর ২০১৮

নানান আয়োজনে জাতীয় বিদ্যুৎ ও জ্বালানী সপ্তাহ-২০১৮ পালন

বর্তমান সরকারের বিদ্যুৎ ও জ্বালানি খাতের সাফল্য তুলে ধরে "অনির্বাণ আগামী" শ্লোগান কে সামনে রেখে গত ৬ থেকে ০৯ সেপ্টেম্বর'২০১৮ তারিখে নানান আয়োজনে পালিত হয় 'বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৮' । আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় অনুষ্ঠিত বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। দেশের সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসহ বিদেশী প্রতিষ্ঠানও 'বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮' এ অংশগ্রহণ করেন এবং সংশ্লিষ্ট খাতে জনগণের জন্য বিভিন্ন সেবা প্রদর্শন করেন। এছাড়াও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের উদ্ভাবন প্রদর্শন করেন।

ঢাকাস্থ আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় ওজোপাডিকোর স্টলে অতিথির সাথে প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ।

এরই ধারাবাহিকতায় ঢাকাস্থ আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় অংশগ্রহন করে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)। প্রতিষ্ঠানটির নানান সেবাসমূহের মধ্যে ঢাকাস্থ মেলায় প্রদর্শন করা হয় আধুনিক সুবিধা সম্বলিত স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ও এর অনলাইন ভেন্ডিং পদ্ধতি, ডিজিটাল পদ্ধতিতে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি পদ্ধতি এবং মোবাইল ফোনের মাধ্যমে বিল প্রদান পদ্ধতি। এছাড়াও শিশু কিশোরদের আকৃষ্ট করার জন্য গ্রহন করা হয়েছিল ডিজিটাল গেমস্ ও নানান পুরুস্কারের এবং মেলায় দর্শনার্থীদেরকে শুভেচ্ছাস্বরুপ ওজোপাডিকোর পক্ষ থেকে প্রতিষ্ঠানের মনোগ্রাম ও বিভিন্ন শ্লোগান সম্বলিত উপহার প্রদান করা হয়।

প্রতিবারের মতো বিদ্যুৎ সপ্তাহের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে দেশের বিদ্যুৎ ও জ্বালানী খাতে বিশেষ অবদান রাখার জন্য পুরস্কার প্রদান করা হয়। ওজোপাডিকোর পক্ষে সেরা প্রকল্প পরিচালক হিসাবে জনাব মোঃ আবু হাসান, ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও আপগ্রেডেশন প্রকল্প, সেরা বিদ্যুৎ সরবরাহ ইউনিট হিসাবে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ

বাকী অংশ ৩য় পাতায়

ওজোপাডিকো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত

ওজোপাডিকোর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এবং সচিব, বিদ্যুৎ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০১৮-

ওজোপাডিকো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি হস্তান্তর করেন বিদ্যুৎ বিভাগের সচিব জনাব ড. আহমদ কায়কাউস ও ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শফিক উদ্দিন।

বাকী অংশ ৪র্থ পাতায়

ওজোপাডিকো'র বার্ষিক কর্মসম্পাদন

১ম পাতার পর

২০১৯ অর্থ বছরের জন্য ছকে উল্লেখিত ২৩ টি সূচক বাস্তবায়নের নিমিত্তে স্থান পায়।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য ওজোপাডিকোর নির্ধারিত সুচকসমূহ

S.N.	KPIs	Unit	Weight of PI	Target (2018-19)
01.	Construction of distribution lines	Km	7	285
02.	Construction/Capacity Enhancement of Distribution Substation	MVA	5	80
03.	Distribution System Loss	%	7	9.35
04.	Net meter Installation	Number	2	20
05.	System Average Interruption Duration Index (SAIDI)	Minutes	1	400
06.	System Average Interruption frequency Index (SAIFI)	Times	1	20
07.	Power Factor at Each Billing Point	%	3	90
08.	New Connection to Households	Number	3	55,000
09.	Installation of Pre-paid Meter	Number	4	50,000
10.	Percentage of Overloaded Transformer	%	3	0.1
11.	Bill distribution by Out sourcing	No. of S&D	3	5
12.	Public Hearing	Number	2	150
13.	Accounts Receivable	Eqv. Month	7	1.9
14.	Accounts Payable	Month	3	1.2
15.	Collection Bill Ratio	%	4	99.00
16.	Current Ratio	Ratio	2	1.65:1
17.	Quick Ratio	Ratio	2	1.30:1
18.	Debt Service Coverage Ratio	Ratio	2	1.40:1
19.	DSL payment to the Government	Crore Tk	3	Current + 10% of Arrear
20.	Implementation of ADP(Financial)	%	2	100
21.	E-GP tendering (all local bellow 100 crore) which is applicable	%	3	100
22.	Approval of GIS Project	%	3	100
23.	Overall GIS Mapping	%	3	15

বিনম্র শ্রদ্ধায় জাতির পিতাকে স্মরণে জাতীয় শোক দিবস-২০১৮ পালিত

জাতীয় শোক দিবস-২০১৮ উপলক্ষ্যে শোক র‌্যালীতে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শফিক উদ্দিনসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

জাতীয় শোক দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে ওজোপাডিকো'র উদ্যোগে গত ১৫ই আগস্ট, ২০১৮ ইং তারিখ সকাল ৮টায় এক শোক র‌্যালীর আয়োজন করা হয়। উক্ত র‌্যালীতে ওজোপাডিকো'র সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিনের নেতৃত্বে র‌্যালীটি খুলনা শহরের শিববাড়ি এলাকা থেকে শুরু হয়ে বাংলাদেশ বেতার, খুলনা ক্যাম্পাসে অবস্থিত জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণের মাধ্যমে শেষ হয়। র‌্যালী শেষে ওজোপাডিকো খুলনার শেখপাড়াস্থ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড উচ্চ বিদ্যালয় চত্বরে দিবসটির উপরে বিশেষ আলোচনা সভা ও শিশুদের মাঝে কবিতা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়াও

বাকী অংশ ৫ম পাতায়

মেধাবীমুখ

নওশীন মারিয়া, ২০১৮ সালের এস.এস.সি পরীক্ষায় মিলিটারী কলেজিয়েট স্কুল, খুলনা হতে জিপিএ-৫ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ওজোপাডিকোর যশোর সার্কেলের নড়াইল বিদ্যুৎ সরবরাহের জেএএ মোঃ আলী হাফেজ-এর সুযোগ্য কন্যা।

আফরোজা সুলতানা, ২০১৮ সালের এস.এস.সি পরীক্ষায় নড়াইল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় থেকে জিপিএ-৫ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ওজোপাডিকোর যশোর সার্কেলের নড়াইল বিদ্যুৎ সরবরাহের এলডিএ আব্দুল মান্নান মোল্লা-এর সুযোগ্য কন্যা।

জান্নাতুল ফির দাউস(মেধা), ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় নড়াইল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় থেকে গোল্ডেন জিপিএ-৫ (ট্যালেন্টপুল এ বৃত্তি প্রাপ্ত) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা-জেলা পর্যায়ে কবিতা আবৃত্তি ও চিত্রাংকনে ১ম স্থান অধিকার করে। সে ওজোপাডিকোর যশোর সার্কেলের নড়াইল বিদ্যুৎ সরবরাহের উচ্চমান সহকারী মোঃ তৌহিদুজ্জামান-এর সুযোগ্য কন্যা।

ওজোপাডিকোর বরিশাল সার্কেলের উপ-সহকারী প্রকৌশলী মোঃ আব্দুর রউফ খান-এর কন্যা তাসফিয়া সারিবা, পি.এস.সি পরীক্ষায় আগৈল ঝাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে জিপিএ-৫ (ট্যালেন্টপুল এ বৃত্তি প্রাপ্ত) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে সকলের নিকট দোয়া প্রার্থী।

শফিকুল ইসলাম, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (বুয়েট) এ বস্তু ও ধাতব কৌশল বিভাগে এ অধ্যয়নরত। সে জনাব ইতোপূর্বে সে বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা হতে ৫ম ও ৮ম শ্রেণীতে ট্যালেন্টপুল বৃত্তি এবং এসএসসি ও এইচএইচসি পরীক্ষায় গোল্ডেন এ+ সহ বৃত্তি পেয়েছিল। ভবিষ্যতে সে একজন Materials Scientist হতে চায়। সে ওজোপাডিকোর "চিকিৎসা সহকারী" ডাঃ আবুল বাশার ও মাতা সালমা খানম এর কনিষ্ঠ পুত্র। সে সকলের নিকট দোয়া প্রার্থী।

নারীর অধিকার

* প্রকৌঃ মোঃ আরিফুর রহমান

মায়ের জোঠরে আমি অবহেলিত
আমি সেখানে অনাকাংক্ষিত,
শিশু থেকে পুতুল সাজায়ে
পুতুল মানুষ আমি,
রূপ রংয়ে সোমত্য সময়ে
সমাজে তাই একটু দামী,
আতঙ্কে রয়েছে বাবা-মায়ে
ভাগে দিল অর্ধেক জমি,
নারী পুরুষের সমান ভাগ
পরে পারি, এখন ভাগ।।
উদরের সন্তানের আদর কমে
রেখে এলো বৃদ্ধাশ্রমে,
মৃত্যু ধ্বনিতে বাজুক বারবার
নারীর অধিকার।

* তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভাঃ প্রাঃ)
পরিচালন ও সংরক্ষণ সার্কেল
ওজোপাডিকো, কুষ্টিয়া।



ছবি এঁকেছে- তাসফিয়া জামান ধরিত্রী, পিতাঃ প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিএন্ডডি, সদর দপ্তর।

সোলার নেট মিটারিং ব্যবহারে বিদ্যুৎ সাশ্রয় হবে দেশ ও সবার ঘরে

নানান আয়েজনে জাতীয় বিদ্যুৎ

১ম পাতার পর

ঢাকাস্থ আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় ওজোপাডিকোর স্টলের সামনে অতিথির সাথে প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ।

বিভাগ-১, কুষ্টিয়া, সেরা বিদ্যুৎ কর্মকর্তা হিসাবে জনাব মোঃ জুয়েল রানা, সহকারী প্রকৌশলী, মধুখালী বিদ্যুৎ সরবরাহ এবং সেরা বিদ্যুৎ কর্মচারী হিসাবে জনাব মোঃ আব্দুল মতিন, ফোরম্যান-সি, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, খুলনা পুরুস্কার গ্রহন করেন।

এরই অংশ হিসেবে ওজোপাডিকো সদর দপ্তরের তত্ত্বাবধানে খুলনায় বিদ্যুৎ ও জ্বালানী সপ্তাহ-২০১৮ পালন করা হয়। বর্নাঢ্য এই কর্মসূচীর আওতায় প্রথমদিনে ওজোপাডিকো, খুলনার উদ্যোগে বিক্রয় ও বিতরণ বিভাগ-১, খুলনা'র চত্তর থেকে এক বর্ণাঢ্য র‍্যালী শহরের বিভিন্ন গুরুত্বপূর্ন এলাকা প্রদক্ষিন করে। উক্ত র‍্যালীতে প্রধান অথিতি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের নব-নির্বাচিত মেয়র তালুকদার আবদুল খালেকসহ অন্যান্য নেতৃবৃন্দ। র‍্যালী শেষে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আবদুল খালেক, খুলনা অতিরিক্ত বিভাগীয় কমিশনার নিশ্চিন্ত পোদ্দার, জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেন ও ওজোপাডিকো'র উর্ধ্বতন কর্তৃপক্ষ বেলুন উড়িয়ে 'জাতীয় বিদ্যুৎ ও জ্বালানী সপ্তাহ-২০১৮' এর উদ্বোধন ঘোষনা করেন। এছাড়াও খুলনা সার্কিট হাউজ প্রাঙ্গনে অনুষ্ঠিত মেলায় ওজোপাডিকোসহ বিদ্যুৎ সেবা সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান অংশগ্রহন করে। পরবর্তিতে এই উপলক্ষে প্রথম দিনে ওজোপাডিকো কর্তৃক খুলনার শেখপাড়াস্থ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে অগ্নি নির্বাপন মহড়া এবং ২য় দিনে ট্রান্সফরমার মেরামত ও ডিওএফসি/ফিউজ স্থাপন কাজের মহড়ার একটি প্রতিযোগীতার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার। এছাড়াও ওজোপাডিকো'র আওতাধীন সকল দপ্তরে আয়োজন করা হয় শোভাযাত্রা এবং দেশের 'বিদ্যুৎ খাতের সাফল্য ও ভবিষ্যৎ পরিকল্পনা' বিষয়ে আলোচনা সভার। 'জাতীয় বিদ্যুৎ ও জ্বালানী সপ্তাহ-২০১৮' উপলক্ষে ওজোপাডিকো'র সকল দপ্তর গ্রাহকের তাৎক্ষণিক অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা, নতুন সংযোগ প্রদানসহ নানান গ্রাহক সেবা প্রদানের ব্যবস্থা করা হয়।

সেরা বিদ্যুৎ কর্মচারী হিসেবে ওজোপাডিকোর পক্ষে মাননীয় অর্থমন্ত্রীর নিকট হতে পুরুস্কার গ্রহণ করেন মোঃ আব্দুল মতিন, ফোরম্যান-সি।

বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৮ উপলক্ষে বক্তৃতা প্রতিযোগিতা

জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৮ বক্তৃতা প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদের সাথে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ বিচারক মন্ডলী।

জাতীয় বিদ্যুৎ সপ্তাহ-২০১৮ উপলক্ষে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি আয়োজিত "নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা ও জ্বালানি সংরক্ষণ" শীর্ষক মহানগর ও বিভাগীয় পর্যায়ে বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গত ২৫.০৭.২০১৮ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১ঘটিকায় ওজোপাডিকো, সদর দপ্তর খুলনা এর সম্মেলন কক্ষে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগীতায় খুলনা বিভাগের অন্তর্গত বিজয়ী ১০টি জেলার ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে। উক্ত অনুষ্ঠানে বিচারকের দায়িত্বে ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোহাম্মদ ফারুক হোসেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ জিয়াউর রহমান। অনুষ্ঠান সঞ্চালনা করেন মোঃ হোসাইন বিল্লাহ এবং সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপক (প্রশাসন) মোহাম্মদ নাজমুল হুদা ও উপ-বিভাগীয় প্রকৌশলী কল্যাণ কুমার দেবনাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর নির্বাহী পরিচালক(অর্থ) রতন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার, মহা-ব্যবস্থাপক রবীন্দ্রনাথ দত্ত, কোম্পানি সচিব আব্দুল মোতালেব, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান ও মোঃ রোকনউজ্জামান এবং ব্যবস্থাপক(ক্রয়) শচীন্দ্র নাথ হালদার।

প্রতিযোগিতায় বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকার করেন ঝিনাইদহের মাহতাব উদ্দিন ডিগ্রী কলেজের ছাত্রী নুসরত জাহান নিশি, দ্বিতীয় স্থান অধিকার করেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের ছাত্রী ফাতেমা ফারজানা নির্জনা এবং তৃতীয় স্থান অধিকার করেন ফুলতলা উপজেলার এম এম ডিগ্রী কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্রী আরিফা জামান লিজা। খুলনা মহানগর পর্যায়ে প্রথম স্থান অধিকার করেন খুলনা সরকারি মহিলা কলেজের ছাত্রী লোপা খাতুন, দ্বিতীয় স্থান অধিকার করেন খুলনা জিলা স্কুলের ছাত্র আলিফ আল-জামান এবং তৃতীয় স্থান অধিকার করেন খুলনা পাবলিক কলেজের ছাত্র আসিফ আদনান অমি। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করা হয়।

কোটি টাকা ব্যয়ে নির্মাণ হচ্ছে ওজোপাডিকোর ১৫ তলা দৃষ্টিনন্দন অফিস ভবন

পদ্মার এপারের ২১টি জেলা সদর ও ২০ টি উপজেলাকে নিয়ে গঠিত ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ। প্রতিষ্ঠানটির ১৫ (পনের) তলা অফিস ভবনের নির্মাণ কাজ খুলনাস্থ বয়রায় শুরু হয়েছে। গত ৩ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্বোধনের পর অন্যান্য আনুষ্ঠানিকতা শেষে ১০.০৯.২০১৮ খ্রিঃ তারিখ থেকে এর নির্মাণ কাজের প্রাথমিক পর্ব শুরু হয়। প্রাথমিক পর্যায়ে ১৫ তলা ভবনটির ছয় তলা পর্যন্ত সকল কাজ সম্পন্ন হবে। ভবনটির নির্মাণ কাজ সম্পন্ন করতে ব্যয় হবে ৫৮ কোটি ৩৮ লাখ টাকা তার মধ্যে ৩২ কোটি ১০ লাখ ৮৮ হাজার টাকা ব্যয়ে প্রাথমিক পর্যায়ের কাজ সম্পন্ন হবে। যার পুরো অর্থটির অর্থায়ন করবে বাংলাদেশ সরকার(জিওবি ফান্ড থেকে)। আগামী ৩০ জুন ২০১৯ সালের মধ্যে ভবনের (৬তলা পর্যন্ত) কাজ শেষ হবে বলে আশা করা যায়। ওজোপাডিকো এর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় নির্মানাধীন এ ভবনের আন্ডারগ্রাউন্ড ও প্রথম তলায় থাকছে পানির রিজার্ভ ট্যাংক, ফায়ার এন্ড প্লাম্বিং পাম্প রুম, জেনারেটর রুম, বিদ্যুৎ উপকেন্দ্র এবং গাড়ি পার্কিংয়ের জন্য নির্দিষ্ট স্থান। দ্বিতীয় তলা থেকে পরবর্তী তলাগুলোতে অফিসের কার্যক্রম চলবে।

ভবনটি নির্মাণের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক প্রকৌশলী সি.এম মোতাহার হোসেন বলেন প্রাথমিক পর্যায়ে প্রতি তলায় আট হাজার বর্গফুটসহ পুরো ভবনের ক্ষেত্রফল হবে প্রায় ৪৮ হাজার বর্গফুট। ভবনটির নকশা করেছে ঢাকার লালমাটিয়ার ভার্নাকুলার কনসালটেন্টস্ লিঃ নামের একটি পরামর্শক প্রতিষ্ঠান। এছাড়া জয়েন্ট ভেঞ্চারে কাজটি করছে যশোরের দু'টি ঠিকাদারী প্রতিষ্ঠান এর একটি মেসার্স নূর হোসেন ও অপরটি মেসার্স আমিন এন্ড কোং। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটি সম্পন্ন হবে (৬ তলা) বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন বলেন, ওজোপাডিকো ভবনটি নির্মাণ হলে গ্রাহক সেবায় আমূল পরিবর্তন ঘটবে। যেহেতু ওজোপাডিকো একটি সেবামূলক প্রতিষ্ঠান এবং গ্রাহকদের বিভিন্ন কাজে কোম্পানীর উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে কথা বলার প্রয়োজন হয় সেহেতু একটি ভবনের মধ্যে সকল দপ্তরের কাজ পরিচালিত হলে গ্রাহক ভোগান্তি কমবে। এছাড়াও কনফারেন্স রুমে গ্রাহকদের সাথে মতবিনিময়সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করারও সুযোগ সৃষ্টি হবে। নতুন ভবন নির্মিত হলে এখন যেমন একাধিক ভবনে বিভিন্ন দপ্তর বিচ্ছিন্নভাবে রয়েছে সেটি আর থাকবে না। ফলে পুরাতন ভবনগুলো অন্য কাজে ব্যবহৃত হবে। ছয় তলার কাজ শেষ হলেই ভবনের বাকী নয় তলার কাজ শুরু হবে উল্লেখ করে ব্যবস্থাপনা পরিচালক বলেন, পরবর্তীতে ওজোপাডিকোর নিয়ন্ত্রণ কক্ষ নতুন ভবনে স্থানান্তর হবে এবং ওজোপাডিকোর সকল কার্যক্রম ডিজিটালাইজড হবে। এছাড়াও ভবনটিতে সর্বাধিক প্রাকৃতিক সূর্যের আলো ব্যবহারের সুযোগ রয়েছে।

ভবনটি নির্মাণ হলে গাড়ি পার্কিং, জেনারেটর, লিফট, নিরাপত্তা ব্যবস্থা, অগ্নি নির্বাপন ব্যবস্থা, শীতাতপ নিয়ন্ত্রণের সুবিধাসহ ভবনের সামনে এবং পার্শ্বে গার্ডেনিংয়ের ব্যবস্থা থাকায় এটি একটি দৃষ্টি নন্দন ভবনে রূপ নেবে বলে সংশ্লিষ্ট সকলে আশা ব্যক্ত করেছেন।

বিনম্র শ্রদ্ধায় জাতির পিতাকে স্মরণে

৪র্থ পাতার পর

১৫ই আগস্টে শাহাদাত বরণকারীদের আত্মার মাগফেরাত কামনায় ওজোপাডিকো'র আওতাধীন সকল দপ্তর সমূহে বাদযোহর বিশেষ দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। ওজোপাডিকো'র কেন্দ্রীয় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার, প্রধান প্রকৌশলী মোঃ সাবির উদ্দিন, মহাব্যবস্থাপক রবীন্দ্রনাথ দত্ত, প্রকল্প পরিচালক প্রকৌশলী সি এম মোতাহার হোসেন সহ অন্যান্য প্রকল্প পরিচালকগণ, কোম্পানী সচিব আবদুল মোতালেব, উপ-মহাব্যবস্থাপক, এইচআর ও এডমিন মোঃ আলমগীর কবীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আবু হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান, উপ-মহাব্যবস্থাপক এএনএম মোস্তাফিজুর রহমানসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

ঝালকাঠি, বরিশাল ও ঝিনাইদহে ওজোপাডিকোর নতুন উপকেন্দ্র নির্মাণ কাজের উদ্বোধন

৩৩/১১ কেভি উপকেন্দ্রের নির্মাণ কাজের উদ্বোধন করছেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী জনাব মোঃ শফিক উদ্দিন।

ওজোপাডিকো'র আওতাধীন এলাকাসমূহের ভবিষ্যতে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরনে ঝালকাঠি, বরিশাল ও ঝিনাইদহে নতুন করে আরো ০৩(তিন) টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ করা হচ্ছে। গত ২২.০৯.২০১৮ খ্রিঃ তারিখে ঝালকাঠির চাঁদকাঠি নামক স্থানে একটি ও বরিশাল নগরীর চাঁদমারী বিদ্যুৎ ভবন চত্বরে একটি এবং গত ২৯.০৯.২০১৮ খ্রিঃ তারিখে ঝিনাইদহ বিদ্যুৎ অফিস ক্যাম্পাস চত্বরে আরও একটি ২x১০/১৩.৩৩ এমভিএ ক্ষমতা সম্পন্ন উপকেন্দ্রের অনুষ্ঠানিক ভাবে ভিত্তি প্রস্থর স্থাপন করেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) খুলনা এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। ভিত্তি প্রস্থর স্থাপনকালে তিনি বলেন, উল্লেখিত উপকেন্দ্রগুলি দ্বারা অত্রাঞ্চলের বিদ্যুৎ ব্যবস্থার আরো উন্নয়ন হবে এবং আগামী দিনে বিদ্যুতের চাহিদা পূরণ করা সম্ভব হবে পাশাপাশি গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে। তিনি আরও বলেন, উল্লেখিত উপকেন্দ্রগুলির নির্মাণ কাজ আগামী ৬ মাসের মধ্যে শেষ করা হবে। ওজোপাডিকো'র চলমান EAUPDSP ও SPDSP প্রকল্পের আওতায় উল্লেখিত উপকেন্দ্রগুলি সরকারের নিজস্ব খরচে নির্মাণ করা হচ্ছে।

ভিত্তি প্রস্থর অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, SPDSP প্রকল্প পরিচালক প্রকৌশলী সিএম মোতাহার হোসেন, প্রধান প্রকৌশলী মোঃ সাবির উদ্দিন, উপ-মহাব্যবস্থাপক এইচআর এন্ড এডমিন মোঃ আলমগীর কবির, বরিশাল পরিচালন ও সংরক্ষণ সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ ইখতিয়ার উদ্দিন, কুষ্টিয়া পরিচালন ও সংরক্ষণ সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আরিফুর রহমান, সদর দপ্তরের ব্যবস্থাপক এডমিন মোঃ নাজমুল হুদা, বরিশাল EAUPDSP প্রকল্পের নির্বাহী প্রকৌশলী মোঃ আমজাদ হোসেন, ঝিনাইদহ বিক্রয় ও বিতরণ বিভাগের নির্বাহী প্রকৌশলী পরিতোষ কুমার সরকার, বরিশাল বিক্রয় ও বিতরণ বিভাগ-২ এর নির্বাহী প্রকৌশলী অমূল্য কুমার সরকার, বরিশাল বিক্রয় ও বিতরণ বিভাগ-১ এর নির্বাহী প্রকৌশলী মোঃ রাশেদুল ইসলাম, ঝালকাঠি বিদ্যুৎ সরবরাহের নির্বাহী প্রকৌশলী মোঃ মিজানুর রহমানসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

খুলনায় বড় পর্দায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন সম্প্রচার

পাবনা জেলার অন্তর্গত ঈশ্বরদী উপজেলার রূপপুর নামক স্থানে নির্মাণাধীন দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের দ্বিতীয় ইউনিটের নির্মাণ কাজের প্রথম কংক্রিট ঢালাই গত ১৪.০৭.২০১৮ খ্রিঃ তারিখ দুপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানটি ওজোপাডিকো ও খুলনা জেলা তথ্য অফিস যৌথ উদ্যেগে খুলনা অফিসার্স ক্লাব মিলনায়তনে বড় পর্দায় সরাসরি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মোঃ মনিরুজ্জামানসহ ওজোপাডিকো ও অন্যান্য সরকারি দপ্তরের বিপুল পরিমাণ কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।



উল্লেখ্য, প্রায় ১২শ একর জমির ওপর নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রেটি স্বাধীনতা উত্তর বাংলাদেশে সবচেয়ে বৃহৎ ও ব্যয়বহুল প্রকল্প।

এর আগে গত বছরের ৩০ নভেম্বর এই পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিটের কংক্রিট ঢালাইয়ের উদ্বোধন করা হয়। প্রথম ইউনিটের এই কংক্রিট ঢালাইয়ের কাজ শুরুর মধ্য দিয়ে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে বিশ্ব পরমাণু ক্লাবে (নিউক্লিয়ার নেশন) হিসেবে যুক্ত হয়েছে। বর্তমানে বাংলাদেশ বিশ্বপরমাণু ক্লাবের ৩২তম সদস্য দেশ। বর্তমানে বিশ্বের ৩১টি দেশে ৪৫০টি পারমাণবিক বিদ্যুতের ইউনিট চালু আছে।

স্থাপন কাজ শেষ হলে উপকেন্দ্রটির দুই ইউনিটের মোট উৎপাদন ক্ষমতা হবে ২৪০০ মেগাওয়াট। আগামী ২০২৩ সালে প্রথম ইউনিট এবং পরের বছর ২০২৪ সালে দ্বিতীয় ইউনিট চালু হওয়ার কথা রয়েছে। এছাড়াও এই প্রকল্পে ভবিষ্যতে আরও দুইটি ইউনিট সংযোজন করার পরিকল্পনা রয়েছে।

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-৪১-৮১১৫৭৩, ৮১১৫৭৪, ৮১১৫৭৫, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com, web: www.wzpdcl.org.bd

মু: গ্লোরি, খুলনা ০১৭১১ ২৯ ৬৬ ১৯